ধরা দিয়েছি গো আমি আকাশের পাখি,
নয়নে দেখেছি তব নূতন আকাশ ॥
দুখানি আঁখির পাতে কী রেখেছ ঢাকি,
হাসিলে ফুটিয়া পড়ে উষার আভাস ॥
হৃদয় উড়িতে চায় হোথায় একাকী—
আঁখিতারকার দেশে করিবারে বাস ।
ওই গগনেতে চেয়ে উঠিয়াছে ডাকি—
হোথায় হারাতে চায় এ গীত-উচ্ছ্বাস ॥

---

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Ramkeli
Visit www.geetabitan.com for notation and other detail